

**ঢাকা বিশ্ববিদ্যালয়**

**বিজ্ঞপ্তি**

আদিষ্ট হয়ে এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি/ ২৬ আগস্ট ২০২৬ খ্রি. বুধবার পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়েছে :-

১. সকাল ৬:০০টা : ভাইস-চ্যান্সেলর ভবনসহ সকল হল ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন স্ব স্ব হল/হোস্টেল-এর প্রাধ্যক্ষ/ওয়ার্ডেন, প্রধান প্রকৌশলী এবং এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২. দুপুর ১২:১৫ মিনিট : বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদে আরবী বিভাগ এবং ইসলামিক স্টাডিজ বিভাগের যৌথ আয়োজনে হযরত মুহাম্মদ (সা.) এর জীবন ও কর্ম, ইসলামে শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন চেয়ারম্যান, আরবী বিভাগ, চেয়ারম্যান, ইসলামিক স্টাডিজ বিভাগ এবং মসজিদুল জামিয়ার সিনিয়র ইমাম খতিব।

৩. বাদ আসর : হল ও হোস্টেলের মসজিদসমূহে কেরাত ও দোয়া মাহফিল আয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেনবৃন্দ।

20/08/2026

**মুনসী শামস উদ্দিন আহম্মদ**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ১৪৪৬২ - ডিস

তারিখ: ৫/৫/১৪৩৩ বঙ্গাব্দ
২০/৮/২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-**

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়